# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৬১৫৫

পর্ব-৩০: মান-মর্যাদা (كتاب المناقب)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - নবী (সা.) -এর পরিবার-পরিজনদের মর্যাদা ও বৈশিষ্ট্য

اَلْفصْلُ الثَّنِ (بَابِ مَنَاقِبِ أَهْلِ

---

### আরবী

وَعَنْ جُمَيْعِ بْنِ عُمَيْرٍ قَالَ: دَخَلْتُ مَعَ عَمَّتِي عَلَى عَائِشَةَ فَسَأَلْتُ: أَيُّ النَّاسِ كَانَ أَحَبَّ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ؟ قَالَتْ: فَاطِمَةُ. فَقِيلَ: مِنَ الرِّجَالِ؟ قَالَتْ: زَوْجُهَا إِنْ كَانَ مَا عَلِمْتُ صَوَّامًا قَوَّامًا. رَوَاهُ التِّرْمِذِيّ

سنده ضعيف ، رواه الترمذى (3874 وقال : حسن غريب) * جميع بن عمير ضعيف ضعفه الجمهور و لحديثه شواهد ضعيفة عند الترمذى (2868) وغيره ۔
(ضَعِيفٌ)

### বাংলা

৬১৫৫-[২১] জুমাই ইবনু উমায়র (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একদিন আমি আমার ফুফুর সাথে ’আয়িশাহ (রাঃ)-এর কাছে গেলাম। আমি প্রশ্ন করলাম, রাসূলুল্লাহ (সা.) -এর কাছে কোন মানুষটি সর্বাপেক্ষা প্রিয় ছিলেন? তিনি উত্তরে বললেন, ফাতিমাহ্। এবার প্রশ্ন করা হলো, পুরুষদের মধ্যে কে? তিনি বললেন, তার স্বামী। আর তিনি ছিলেন অধিক পরিমাণে সিয়াম পালনকারী ও রাতের সালাত আদায়কারী। (তিরমিযী)

### ফুটনোট

সনদ যঈফ: তিরমিযী ৩৮৭৪।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: উক্ত হাদীসে ফাতিমাহ্ ও ‘আলী (রাঃ)-এর মর্যাদা বর্ণনা করা হয়েছে। হাদীসে আরো স্পষ্ট হয় যে,

মহিলাদের মধ্যে সবচেয়ে প্রিয় ছিল ফাতিমা (রাঃ) এবং পুরুষদের মধ্যে ‘আলী (রাঃ)। হাদীসে আহলে বায়তের মর্যাদাকেও স্পষ্ট করা হয়েছে। (মিরকাতুল মাফাতীহ, তুহফাতুল আহওয়াযী হা, ৩৮৮৬)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জুমায়' ইবনে উমায়ের (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=86131

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন